তারিখ ... 10 MAY 2016 ...
পৃষ্ঠা ... ৪ ... কলাম ... ৪ ......

সংবাদ



স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী ঢাবিতে ছাত্রছাত্রীদের বৃত্তি প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন -সংবাদ

# বৃত্তির পাশাপাশি শিক্ষা ঋণ দেয়ার আহ্বান স্পিকারের

নিজস্ব বার্তা পরিবেশক

সিপিএ চেয়ারপারসন ও জাতীয় সংসদের স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী অস্বচ্ছল ও মেধাবী ছাত্রছাত্রীদের জন্য বৃত্তি প্রদানের পাশাপাশি বিভিন্ন প্রতিষ্ঠানে পেইড ইন্টার্নশিপ ও শিক্ষা ঋণ চালুর জন্য শিক্ষা প্রতিষ্ঠানগুলোকে উদ্যোগ গ্রহণের আহ্বান জানিয়েছেন। গতকাল ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) অধ্যাপক ড. আব্দুল্লাহ ফারুক মাল্টিপারপাস হলে বিজনেস স্টাডিজ অনুষদ আয়োজিত মেধাবী অস্বচ্ছল ছাত্রছাত্রীদের জন্য বৃত্তি বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে স্পিকার এসব কথা বলেন।

বিজনেস স্টাডিজ অনুষদের ডিন প্রফেসর শিবলী রুবাইদুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠানে বক্তব্য রাখেন ঢাবি'র উপাচার্য আআমস আরেফিন সিদ্দিক, বাংলাদেশ ব্যাংকের ডেপুটি গভর্নর এসকে শুর চৌধুরী, সোশ্যাল ইসলামী ব্যাংকের চেয়ারম্যান ডা. মেজর রেজাউল হক, প্রাইম ইন্স্যুরেন্সের ব্যবস্থাপনা পরিচালক মোহাম্মদী খানম, ফার্স্ট সিকিউরিটি ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক সাইয়িদ ওয়াসেক মোহাম্মদ আলী প্রমুখ। অনুষ্ঠানে বিজনেস স্টাডিজ অনুষদের অস্বচ্ছল মেধাবী ৫০ জন ছাত্রছাত্রীদের মধ্যে বৃত্তি প্রদান করা হয়। কমনওয়েলথ পার্লামেন্টারি অ্যাসোসিয়েশনের (সিপিএ) চেয়ারপারসন ড. শিরীন শারমিন চৌধুরী বলেন, বৃত্তি প্রদানের ব্যবস্থা একটি মডেল। এ ব্যবস্থা সব শিক্ষা প্রতিষ্ঠানে সম্প্রসারিত করতে হবে এবং আমাদের সমাজের সুবিধাপ্রাপ্তদের বঞ্চিত শ্রেণীর জন্য অনেক সুযোগ তৈরি করে দিতে হবে, যাতে সুযোগের অভাবে তারা হারিয়ে না যায়। মেধাবী বৃত্তিপ্রাপ্ত ছাত্রছাত্রীদের উদ্দেশে স্পিকার বলেন, তোমরা প্রত্যেকে তোমাদের নিজস্ব মেধায় এখানে দাঁড়িয়ে আছ। এ বৃত্তি তোমাদের মেধার স্বীকৃতি। এটা তোমাদের জন্য করুণা নয়। এটা সমাজের সুবিধাভোগী শ্রেণীর দায়িত্ব এবং তোমাদের অধিকার। স্পিকার বলেন, শিক্ষায় বিনিয়োগ একটি মহৎ উদ্যোগ। পাবলিক-প্রাইভেট পার্টনারশিপের মাধ্যমে দেশের তরুণ সমাজকে যোগ্য করে গড়ে তুলে জাতীয় উন্নয়নে ভূমিকা পালনের জন্য উদ্যোগকারীদের প্রতি আহ্বান জানান স্পিকার।